দৈনিক জনকণ্ঠ

তারিখ 08 JAN 2016
পৃষ্ঠা ... কলাম ...

# আমরা অসম্ভবকে সম্ভব করেছি ॥ গণশিক্ষামন্ত্রী

নিজস্ব সংবাদদাতা, গাজীপুর, ৭ জানুয়ারি ॥ প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী এ্যাডভোকেট মোস্তাফিজুর রহমান বলেছেন, দক্ষ জনশক্তি তৈরির মাধ্যমে আমরা দেশকে অনেক এগিয়ে নিয়ে যেতে পারি। আমরা অনেক অসম্ভবকে সম্ভব করেছি। আমরা আমাদের অন্তর্নিহিত শক্তি বুঝতে পারলে ভবিষ্যতে অনেক দূর যেতে পারব। তিনি বলেন, বাংলাদেশ সমৃদ্ধির জায়গায় যাবে। এখন বিশ্বব্যাংক আমাদের নিয়ন্ত্রণ করতে পারে না। আমরা তাদের প্রেসক্রিপশন মানি না। আমাদের দেশের উপযোগী করে আমরা অনেক কিছু করতে চাই।

তিনি বৃহস্পতিবার দুপুরে বাংলাদেশ সেনাবাহিনী পরিচালিত গাজীপুরের ট্রাস্ট টেকনিক্যাল ট্রেনিং ইনস্টিটিউটের জুলাই-ডিসেম্বর ২০১৫ সেশনের ছাত্রছাত্রীদের মাঝে সনদপত্র ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। গাজীপুরের শিমুলতলীতে বাংলাদেশ মেশিন টুলস কারখানার ক্যাম্পাসে অবস্থিত প্রতিষ্ঠানের কনফারেন্স হলে আয়োজিত এ অনুষ্ঠানে বক্তব্য রাখেন, বাংলাদেশ সেনাবাহিনীর এ্যাডজুট্যান্ট জেনারেল ও ট্রাস্ট টেকনিক্যাল ট্রেনিং ইনস্টিটিউটের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মেজর জেনারেল মোঃ মাহফুজুর রহমান ও প্রতিষ্ঠানের প্রিন্সিপাল লে. কর্নেল (অব) মোঃ আছয়াদুর রহমান খান পিএসসি।

অনুষ্ঠানে টিটিটিআই পরিচালিত আটটি ট্রেড কোর্সের ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীদের মধ্যে সনদপত্র ও ক্রেস্ট প্রদান করা হয়।